

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
সেকশন- ২, মিরপুর, ঢাকা- ১২১৬

অফিস আদেশ


যেহেতু, জনাব মোঃ খন্দকার আমিনুল ইসলাম, ডাটা এন্ট্রি অপারেটর, ইউআরসি, মাদারগঞ্জ, জামালপুর- এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় (মামলা নং ৩য় শ্রেণি/বিমা-০৯/১৭, তারিখ ২৪/৭/২০১৭) দোষী প্রমাণিত হওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৮/০৯/২০১৭ তারিখের ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৫৩.১৭-৩৮৭/১ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ৪ (২) (বি) উপবিধি মোতাবেক তাঁর ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত দণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ খন্দকার আমিনুল ইসলাম উক্ত শাস্তির বিরুদ্ধে কর্তৃপক্ষের নিকট নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপিল আবেদন দাখিল করেন; এবং

যেহেতু গত ২২/০১/২০১৮ তারিখে তার আপিল শুনানি গৃহীত হয়; এবং

যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলার রেকর্ডপত্র এবং আপিল আবেদন পর্যালোচনায় দেখা যায় জনাব মোঃ খন্দকার আমিনুল ইসলামকে প্রদত্ত শাস্তি যথাযথ হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫-এর ২২(২) বিধি মোতাবেক মোঃ খন্দকার আমিনুল ইসলাম, ডাটা এন্ট্রি অপারেটর, ইউআরসি, মাদারগঞ্জ, জামালপুর -এর আপিল আবেদন না মঞ্জুরপূর্বক গত ২৮/০৯/২০১৭ তারিখের ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৫৩.১৭-৩৮৭/১ নং স্মারক মোতাবেক প্রদত্ত শাস্তি বহাল (০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ বছরের জন্য স্থগিত) রাখা হলো।



ড.মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক
২০১৮

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৫৩.১৭- ৩৮২/৩

তারিখ: ২০/২/ ১৪২৫
০৪/৬ ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
৫. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৬. সুপারিনটেনডেন্ট, পিটিআই, জামালপুর।
৭. জনাব মোঃ খন্দকার আমিনুল ইসলাম, ডাটা এন্ট্রি অপারেটর, ইউআরসি, মাদারগঞ্জ, জামালপুর
৮. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সংরক্ষণ নথি।


মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)